

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘১০ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড’ অনুষ্ঠিত



৩০ নভেম্বর-২০১৮, শুক্রবার সকাল ১০টায় বাংলাদেশ গণিত সমিতি এবং এ. এফ. মুজিবুর রহমান ফাউন্ডেশন-এর যৌথ উদ্যোগে গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ‘১০ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০১৮ (ঢাকা দক্ষিণ অঞ্চল)’ অনুষ্ঠিত হয়।

জাতীয় পতাকা উত্তোলনের পর পায়রা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান অলিম্পিয়াডের উদ্বোধন করেন। এরপর উপাচার্যের নেতৃত্বে একটি সুজ্জিত র্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করে। র্যালিতে অলিম্পিয়াড অনুষ্ঠানের অতিথি, বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষক ও অংশগ্রহণকারী শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পেয়ার আহম্মেদ, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোবারক হোসেন এবং কম্পিউটার সায়েন্স বিভাগ, বুয়েট এর অধ্যাপক ড. মোঃ কায়কোবাদ বক্তব্য প্রদান করেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ রেজাউল করিম এর সঞ্চালনায়



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



স্বাগত বক্তব্য প্রদান করেন অলিম্পিয়াড কমিটির আহ্বায়ক ও বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল। সার্বিক দায়িত্বে ছিলেন অলিম্পিয়াড কমিটির সদস্য সচিব ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ মিজানুর রহমান।

উল্লেখ্য, অলিম্পিয়াডে বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসেফিক, ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, হামদাদ ইউনিভার্সিটি বাংলাদেশ, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ সহ মোট ২৯টি শিক্ষা প্রতিষ্ঠানের (অনার্স পর্যায়ে) ১৪৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। ‘১০ম জাতীয় স্নাতক গণিত অলিম্পিয়াড ২০১৮ (ঢাকা দক্ষিণ অঞ্চল)’ হতে দশ প্রতিযোগী বুয়েটে অনুষ্ঠিতব্য চূড়ান্ত প্রতিযোগিতার জন্য মনোনীত হয়। এরা যথাক্রমে বুয়েটের সাদমান সাকিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোঃ নিরব হোসেন, বুয়েটের শামিম সাদমান সাদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কাফিল ইবনে কামাল, বুয়েটের মোঃ সাব্বির রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুচি চাকী, বুয়েটের মুনজারীন রেজা, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের তমা রানী সাহা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শোভা ইসলাম ও পার্থ সূত্রধর।